

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩. ৫৪৭

তারিখ- ২৪/০৫/২০২২খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)- ২য় পর্যায়” এর সুফলভোগী সদস্যদের সঞ্চয় ও ঋণের কিস্তি আদায়ের সকল তথ্যসমূহ আগামী জুন ২০২২ মাস হতে নিয়মিতভাবে সুফলভোগীদের ব্যক্তিগত মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে প্রদান করা হবে। এ ছাড়া ভবিষ্যতে ঋণের অর্থ সরাসরি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সুফলভোগী সদস্যদের ব্যক্তিগত মোবাইল ফোনে প্রদান করার উদ্যোগ নেয়া হচ্ছে। তাই প্রত্যেক সুফলভোগী সদস্যদের নিজ নামের সিমযুক্ত মোবাইল ফোন থাকা আবশ্যিক। এক্ষেত্রে প্রকল্পের সফটওয়্যারে সুফলভোগী সদস্যদের প্রদানকৃত মোবাইল নম্বরটি ভালভাবে যাচাই করে নিশ্চিত করা প্রয়োজন।

২। উল্লেখ্য, সুফলভোগী সদস্যদের সঞ্চয় ও ঋণের কিস্তি আদায়ের সকল তথ্যসমূহ এসএসএসের মাধ্যমে প্রদানের পর কোন প্রকার গড়মিল পরিলক্ষিত হলে সদস্য কর্তৃক সরাসরি অভিযোগ জানানোর জন্য প্রকল্পের আওতায় হট লাইন থাকবে, যা এসএমএস এ উল্লেখ থাকবে। তাই সংশ্লিষ্ট সকল মাঠ সংগঠক কর্তৃক সুফলভোগী সদস্যদের নিকট হতে সঞ্চয় ও ঋণের যাবতীয় অর্থ যথাযথভাবে আদায়পূর্বক ব্যাংকে জমা নিশ্চিত করতে হবে।

৩। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারি করা হলো।

মোহাম্মদ রশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩. ৫৪৭

তারিখ- ২৪/০৫/২০২২খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: (প্রকল্পভুক্ত সকল জেলা)।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবির ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), উপজেলা: (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৭. অফিস নথি/গার্ডফাইল।

মুহাম্মদ মাহবুব আলম
উপপ্রকল্প পরিচালক